

## নারী উদ্যোক্তাদের স্কুটি ঋণ সংক্রান্ত নির্দেশনা

জয়িতা ফাউন্ডেশন দেশের নারী জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন ও তাদের অর্থনৈতিকভাবে স্বাবলম্বী করে তোলার লক্ষ্যে কাজ করে থাকে। এরই অংশ হিসেবে জয়িতা ফাউন্ডেশনে নিবন্ধিত নারী উদ্যোক্তাদের অনুকূলে ‘রিভলভিং ক্যাপিটাল সাপোর্ট ফান্ড’ হতে স্কুটি ঋণ বিতরণের কার্যক্রম শুরু হয়েছে। অংশীদার ব্যাংকের মাধ্যমে এ ঋণ বিতরণ করা হবে। নারী উদ্যোক্তা/ উদ্যোক্তা সমিতির সদস্যদের ব্যবসায় চালু ও সম্প্রসারণ, নিরাপদ যাতায়াত এবং রাইড শেয়ারিং এর মাধ্যমে অর্থ উপার্জনের জন্য সহজশর্তে এ ঋণ প্রদান করা হবে। একইসাথে ছাত্রী, তরুণী, কর্মজীবী নারী, কর্মহীন পিছিয়ে পড়া নারীসহ যেকোন নারী অর্থনৈতিকভাবে স্বাবলম্বী হতে এ ঋণের জন্য আবেদন করতে পারবে। জয়িতা ফাউন্ডেশনের ঋণ সংক্রান্ত নির্দেশিকা অনুসরণ করে ঋণ দেওয়া হবে। এ ঋণের সুদের হার মাত্র ৫% (পাঁচ শতাংশ) এবং ঋণ পরিশোধের সময়সীমা সর্বোচ্চ ২ (দুই) বছর, যা ৬ (ছয়) মাসের গ্রেস পিরিয়ডসহ ১৮ (আঠারো) টি সমান মাসিক কিস্তিতে পরিশোধযোগ্য। স্কুটির জন্য ঋণ নিতে অবশ্যই জয়িতা ফাউন্ডেশনে নারী উদ্যোক্তা (ব্যক্তি/ সমিতি) হিসেবে নিবন্ধিত বা নিবন্ধনের জন্য আবেদনকৃত হতে হবে। এছাড়াও স্কুটি চালানোর জন্য বিধিমোতাবেক ড্রাইভিং লাইসেন্সধারী হওয়া আবশ্যিক। আবেদনের সাথে যেসকল প্রমাণাদির কপি সংযুক্ত করতে হবে: (১) জয়িতা ফাউন্ডেশনে নিবন্ধন সনদ বা নিবন্ধনের জন্য আবেদনের নম্বরসহ আবেদনপত্র; (২) পাসপোর্ট সাইজের ছবি; (৩) জাতীয় পরিচয়পত্র; (৪) ড্রাইভিং লাইসেন্সের কপি (যদি থাকে) জমা দিতে হবে। **আবেদনের শেষ তারিখ: ২৮ ফেব্রুয়ারি ২০২৩।**

ব্যাংক থেকে ঋণ প্রাপ্তির জন্য প্রয়োজনীয় নথিপত্রের তালিকা, যা ব্যাংকের চাহিদা মোতাবেক পরবর্তীতে সরবরাহ করতে হবে :

ক্রম	ক্যাটাগরি	প্রয়োজনীয় সংযুক্তি
১	সবার জন্য প্রয়োজ্য	<ul style="list-style-type: none"> <li>জাতীয় পরিচয়পত্রের কপি</li> <li>ই-টিন বা e-TIN সার্টিফিকেটের কপি</li> <li>আবেদনকারীর পাসপোর্ট সাইজের ল্যাব প্রিন্ট ছবি- ৩ কপি</li> <li>২ জন জামিনদারের প্রত্যেকের ২ কপি পাসপোর্ট সাইজের ছবি (জামিনদারের স্বাক্ষরসহ)</li> <li>বর্তমানে কোন ব্যাংক ঋণ থাকলে তার বিবরণ</li> <li>ড্রাইভিং লাইসেন্সের ফটোকপি (লার্নার লাইসেন্সও গ্রহণযোগ্য)</li> </ul>
২	উদ্যোক্তা (ব্যক্তি/সমিতি)	<ul style="list-style-type: none"> <li>৬ মাসের মূল ব্যাংক স্টেটমেন্ট</li> <li>প্রফেশনাল সার্টিফিকেট এর কপি (যদি থাকে)</li> <li>ব্যক্তি উদ্যোক্তা/উদ্যোক্তা সমিতির নিজস্ব প্যাডে আয়ের তথ্য</li> <li>ভিজিটিং কার্ড</li> </ul>
৩	চাকুরিজীবী	<ul style="list-style-type: none"> <li>বেতন বিবরণী/পে-স্লিপ</li> <li>অ্যাকাউন্ট পে বা আংশিক একাউন্ট পে এর মাধ্যমে বেতন প্রাপ্ত হলে সর্বশেষ ৩ মাসের ব্যাংক স্টেটমেন্ট (ব্যাংকের মাধ্যমে প্রাপ্ত)</li> <li>ভিজিটিং কার্ড অথবা অফিস আইডি-র ফটোকপি</li> </ul>
৪	ব্যবসায়ি	<ul style="list-style-type: none"> <li>হালনাগাদকৃত ট্রেড লাইসেন্সের কপি</li> <li>অংশীদারিত্বের দলিল (যদি অংশীদার থাকে)</li> <li>সর্বশেষ ৬ মাসের মূল ব্যাংক স্টেটমেন্ট</li> <li>ভিজিটিং কার্ড (যদি থাকে)</li> <li>দোকান/কারখানা/অফিস ভাড়ার চুক্তির কপি (প্রয়োজ্য ক্ষেত্রে)</li> </ul>
৫	জমি/দোকান/ফ্ল্যাট এর মালিক	<ul style="list-style-type: none"> <li>৬ মাসের মূল ব্যাংক স্টেটমেন্ট</li> <li>মালিকানা প্রমাণের কাগজ (দলিল কপি/খাজনা/নামজারি/ডিজিআর কপি ইত্যাদি)</li> <li>দোকান/কারখানা/অফিস ভাড়ার চুক্তির কপি (প্রয়োজ্য ক্ষেত্রে)</li> <li>ইউটিলিটি বিল এর কপি (বিদ্যুৎ/গ্যাস/পানি/অন্যান্য)</li> </ul>
৬	ছাত্রী	<ul style="list-style-type: none"> <li>শিক্ষা প্রতিষ্ঠানের নাম, পরিচিতি নম্বর, বিষয়</li> <li>জামিনদারের নাম</li> <li>ঠিকানা</li> <li>পেশা</li> <li>জাতীয় পরিচয়পত্র</li> <li>ছবি</li> </ul>